গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম

"মূসক অব্যাহতির আদেশ"

জাতীয় রাজস্ব বোর্ডের জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১১০-আইন/২০১৪/৭০৫-মূসক, তারিখঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ, এর মূল এস. আর. ও নং-১৫৪-আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখঃ ০৯/০৬/২০০৫ খ্রিঃ এবং সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০০৫, তারিখঃ ০৯/০৬/২০০৫ খ্রিঃ এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসেবে ঘোষিত মেসার্স ট্রাইডেন্ট সাইকেলস্ কোম্পানী লিঃ, কর্ণফুলী ই.পি.জেড, চট্টগ্রাম (মূসক নিবন্ধন নং- ০০০২৬৬৯৭৪) কে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে নিয়োজিত যোগানদার, সিকিউরিটি এবং পরিবহন ঠিকাদার বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্নবর্ণিত হারে মূসক অব্যাহতির আদেশ প্রদান করা হলঃ

নাম করণ কোড/সেবার কোড	পণ্য/সেবার বিবরণ	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
এস ০৩৭.০০	যোগানদার	১০০ (একশত) শতাংশ
এস ০৪০.০০	সিকিউরিটি সার্ভিস	১০০ (একশত) শতাংশ
এস ০৪৮.০০	পরিবহন ঠিকাদার	১০০ (একশত) শতাংশ

শর্তাবলীঃ-

(ক) এ অব্যাহতির আদেশ জানুয়ারি/২০১৮ মাসের বিল থেকে কার্যকর হবে;

(খ) এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মূসক-সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক মোতাবেক প্রয়োজনীয় দলিলাদিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে;

(গ) প্রতি মাসে দাখিলপত্রের সাথে Proceeds Realization Certificate এর কপি স্থানীয় মূসক কার্যালয়ে দাখিল করতে হবে;

(ঘ) উল্লিখিত সাধারণ আদেশের বিধানাবলী যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে;

(ঙ) এ আদেশ আগামী ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

(চ) যে কোন সময় আদেশজারী কর্তৃপক্ষ এ আদেশ সংশোধন/পরিমার্জন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(ছ) অফিসের কাজে ব্যবহৃত হবে এ জাতীয় পণ্য ক্রয়ের ক্ষেত্রে উৎসে মূসক কর্তনযোগ্য।

২। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত তথ্য ও দলিলের ভিত্তিতে এ অব্যাহতি আদেশ জারী করা হল। পরবর্তীতে এ দপ্তরের কোন তদন্তে দাখিলকৃত তথ্যাদি ও দলিলপত্রে কোন গরমিল পাওয়া গেলে এ অব্যাহতি আদেশ বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
(সৈয়দ গোলাম কিবরীয়া)
কমিশনার
ফোন নং- ০৩১-২৫২৪০৩৭

পত্র নং-৪র্থ/এ(১২)২৮/মূসক-শতঃ-অব্যাহতি/ট্রাইডেন্ট সাইকেল কোঃ/২০১৭/(৩৮৫-৪) তারিখঃ ২৬ /০১/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ট্রাইডেন্ট সাইকেলস্ কোম্পানী লিঃ, কর্ণফুলী ই.পি.জেড, চট্টগ্রাম।
২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আগ্রাবাদ বিভাগ, চট্টগ্রাম।
৩। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পতেঙ্গা সার্কেল, চট্টগ্রাম।
৪। মহা-ব্যবস্থাপক, বেপজা, কে ই পি জেড, চট্টগ্রাম।
৫। অফিস কপি।

তাঁকে আলোচ্য প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিবীক্ষণ করার জন্য বলা হলো। উপরোক্ত শর্তের লংঘন হলে আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্যও বলা হলো।

(মোঃ তাহের উল আলম চৌধুরী)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন নং-০৩১-৭২১৪৭৯
ই-মেইলঃ ccevatctg@gmail.com

F:\Vat Branch 2017\G.E.W. Certificate.doc